

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ৩১, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
টিএ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ১৩ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ/২৮ ডিসেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নম্বর ৩৫৩-আইন/২০২৩।—Ports Act, 1908 (Act No. XV of 1908), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 4 এর sub-section (1) এর clause (a), sub-section (2) এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে “বাঞ্ছারামপুর (কড়ইকান্দি) নদী বন্দর” এর সীমানা নির্ধারণপূর্বক উহাতে উক্ত Act এর প্রয়োগ কার্যকর করিল, যথা:—

তফসিল

“বাঞ্ছারামপুর নদী বন্দর (কড়ইকান্দি)” এর—

(ক) দক্ষিণ সীমানা : ব্রাহ্মণবাড়ীয়া জেলার বাঞ্ছারামপুর উপজেলার কড়ইকান্দি ফেরিঘাটের ভাটিতে বাসুরা পর্যন্ত যাহার ভৌগোলিক অবস্থান দক্ষিণ-পূর্ব (২৩° ৪৩' ২৪.৫৭" অক্ষাংশ ও ৯০° ৪৩' ০৯.৮৮" দ্রাঘিমাংশ) এবং নারায়ণগঞ্জ জেলার আড়াই হাজার উপজেলার বিশনন্দী ফেরিঘাটের ভাটিতে খান কান্দা পর্যন্ত যাহার ভৌগোলিক অবস্থান দক্ষিণ-পশ্চিম (২৩° ৪৩' ২৪.৫৭" অক্ষাংশ ৯০° ৪২' ০৭.৯৩" দ্রাঘিমাংশ);

(২৮৭৯৫)

মূল্য : টাকা ৪.০০

- (খ) উত্তর-সীমানা : কড়ইকান্দি ফেরিঘাটের উজানে নরসিংদী সদর উপজেলায় অন্তরামপুর পর্যন্ত যাহার ভৌগোলিক অবস্থান উত্তর-পূর্ব ($23^{\circ} 88' 29.20''$ অক্ষাংশ ও $90^{\circ} 88' 52.55''$ দ্রাঘিমাংশ) এবং বিশনন্দী ফেরিঘাটের উজান নরসিংদী জেলার নরসিংদী সদর উপজেলার চর ভাসানিয়া পর্যন্ত যাহার ভৌগোলিক অবস্থান উত্তর-পশ্চিম ($23^{\circ} 83' 28.59''$ অক্ষাংশ ও $90^{\circ} 88' 11.33''$ দ্রাঘিমাংশ);
- (গ) পূর্ব সীমানা : উপরিউক্ত উত্তর ও দক্ষিণ সীমানা বরাবর মেঘনা নদীর পূর্ব তীরে ভরা কটাল (spring tide) এর সময় সর্বোচ্চ পানি সমতল (highest water level) এর তটরেখা হইতে নদীর স্থলভাগের দিকে ৫০ (পঞ্চাশ) গজ (yard) পর্যন্ত বিস্তৃত।
- (ঘ) পশ্চিম সীমানা : উপরিউক্ত উত্তর ও দক্ষিণ সীমানা বরাবর মেঘনা নদীর পশ্চিম তীরে ভরা কটাল (spring tide) এর সময় সর্বোচ্চ পানি সমতল (highest water level) এর তটরেখা হইতে স্থলভাগের দিকে ৫০ (পঞ্চাশ) গজ (yard) পর্যন্ত বিস্তৃত।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাঃ আমিনুর রহমান
উপসচিব।